

যুগান্তর

তারিখ ... ..  
 পৃষ্ঠা ... কলাম ... ৪ ...

**প্রধানমন্ত্রীর সফরকালে তোরণ নির্মাণ, উপহার ফুলের তোড়া প্রদান করা যাবে না : বাহত করা যাবে না শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম**

প্রধানমন্ত্রীর নির্দেশে দেশের অভ্যন্তরে তার সরকারি সফরের সময় আনুষ্ঠানিকতার বদল্য, ভাও ও সময়ে উপস্থিত রোধে কতকগুলো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। গতকাল প্রধানমন্ত্রীর সুবাসচির ও কামাল উদ্দিন সিভিকি এক সাক্ষাৎের এসব সিদ্ধান্ত যথাযথভাবে মেনে চলার জন্য মঠ প্রশাসনকে নির্দেশ দিয়েছেন। সিদ্ধান্ত অনুযায়ী এখন থেকে প্রধানমন্ত্রীর সফরকালে সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত বা কোন বেসরকারি প্রধানমন্ত্রীর পুষ্ট: ১০ কলাম: ৩

**প্রধানমন্ত্রীর সফর**  
 (দেশ পৃষ্ঠার পর) ১ প্রতিষ্ঠানের পক্ষ থেকে বা উদ্যোগে কোন প্রকার তোরণ নির্মাণ করা যাবে না। তবে স্বতন্ত্রভাবে স্থানীয় জনগণ যদি প্রধানমন্ত্রীকে স্বাগত জানাতে অগ্রসর, তাহলে তাদের কোন বাধা দেয়া যাবে না। আনুষ্ঠানিকভাবে বহুলা পরিহার করার নির্দেশ প্রদান করে এতে বলা হয়, প্রধানমন্ত্রীকে কোন প্রকার মানপত্র, উপহার-উপঢৌকন, ফুলের মঞ্জা বা তোড়া প্রদান করা যাবে না অথবা ফুল, ফুলের পাণ্ডি ছড়ানো যাবে না। তবে সৌজন্যমূলক দু'একটি ফুল দেয়ার কথা উল্লেখ করা হয়েছে সাক্ষাৎে। স্থানীয় সমস্যা ও জনগণের ন্যায্য দাবি-দাওয়া প্রধানমন্ত্রীর অবগতির জন্য দ্রুতভাবে পেশ করা যাবে। প্রধানমন্ত্রীর সফরকালে সব ধরনের কুচ্ছ বজায় রাখার ওপর গুরুত্ব আরোপ করে সরকারপ্রধান ও তার সফরসঙ্গীদের ব্যবহারের জন্য গাড়ির সংখ্যা সীমিত রাখার নির্দেশ দেয়া হয়েছে। এছাড়া যানবাহনের যথেষ্ট ব্যবহার ও অনাবশ্যক উপস্থিতি বন্ধ করার নির্দেশ দেয়া হয়েছে। প্রধানমন্ত্রীর সফরকে কেন্দ্র করে শিক্ষা প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যক্রমের কোনরূপ ব্যাঘাত না ঘটানোর জন্যও নির্দেশ রয়েছে সাক্ষাৎে। এর সঙ্গে প্রধানমন্ত্রীর অভির্খনা বা বিদায় পূর্বে অনাবশ্যক কর্মকর্তা, কর্মচারীদের উপস্থিতিও নিরুৎসাহিত করা হয়েছে। শুধা বিবরণী।